

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.১১৫.২৪ নথির বিষয়: Repair-maintenance, servicing of 2000 KVA electric sub-station and wiring network at Duaripara staff quarter under F.M.D-2, DWASA কাজের অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Repair-maintenance, servicing of 2000 KVA electric sub-station and wiring network at Duaripara staff quarter under F.M.D-2, DWASA কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৬/১০/২৪ ১:০১ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক গুলি দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার এফ.এম.বিভাগ-২ এর আওতাধীন দুয়ারী পাড়া স্ট্যাফ কোয়ার্টার এলাকায় স্থাপিত ২০০০=(১০০০ x ২) কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশনের অভ্যন্তরীণ বৈদ্যুতিক ব্যবস্থা, সিকিউরিটি লাইট এবং সকল বিল্ডিং এর বৈদ্যুতিক সার্ভিস এস্টেব্লিশমেন্ট এর ত্রুটি মেরামত রক্ষণাবেক্ষন কাজ অত্র বিভাগ হতে করা হয়ে থাকে। উক্ত বৈদ্যুতিক সাব-স্টেশনের সাথে সিকিউরিটি লাইট এবং সকল বিল্ডিং এর বৈদ্যুতিক সার্ভিস এস্টেব্লিশমেন্ট আভার-গ্রাউন্ড এর মাধ্যমে সংযুক্ত আছে। সাব-স্টেশনটি গত ২৭/০২/১৩ ইং তারিখে চালু হয় এবং এটি প্রায় ১১ বৎসর এর অধিক সময় যাবৎ চলছে। সাব স্টেশনটি চালু হওয়ার পর উক্ত কম্পাউন্ডের রাস্তা নির্মান, ড্রেন নির্মান ও কর্মচারীদের ক্লাবঘর, গাড়ী রাখার জন্য দুটি গ্যারেজ নির্মান করা হয়েছে। এছাড়া দুয়ারীপাড়া কম্পাউন্ডে ছয়তলা বিশিষ্ট ২০(বিশ)টি আবাসিক বিল্ডিং ও একটি বড় মসজিদ রয়েছে। উক্ত কাজের সময় সময় খোঁড়া-খুঁড়ি করার কারণে বেশ কয়েক বার বিভিন্ন বিল্ডিং এর বৈদ্যুতিক সার্ভিস এস্টেব্লিশমেন্ট, লিফটিং পাম্প, সিকিউরিটি লাইটের সার্ভিস কানেকশন বিচ্ছিন্ন হয়ে যায়। যা তাৎক্ষণিকভাবে অত্র বিভাগ কর্তৃক প্রয়োজনীয় মেরামত করা হয়েছে। এছাড়া বিভিন্ন কোয়ার্টারে বসবাসরত সদস্যরা কোয়ার্টারের পিছনে বিভিন্ন রকম গাছগাছালি রোপণের জন্য খোঁড়া-খুঁড়ি করেন। ফলে প্রায়ই সিকিউরিটি লাইটের সার্ভিস কানেকশন ত্রুটি দেখা দিচ্ছে। এ কাজের জন্য একটি সার্ভে করা হয়। এতে দেখা যায় এইচটি/এলটি ক্যাবল ট্রেন্স এর মধ্যে ময়লা আবর্জনা জমে গেছে যা দ্রুত পরিষ্কার করা প্রয়োজন। সাব-স্টেশনটি ১১ বছর অতিক্রম হওয়ার কারণে এর বিভিন্ন ক্যাপাসিটর সার্কিট ব্রেকার ত্রুটি দেখা দিচ্ছে। কম্পাউন্ডে বিদ্যমান ২০(বিশ)টি বিল্ডিং এবং একটি মসজিদ ও কর্মচারীদের জন্য নির্মিত ক্লাবঘর, গাড়ী রাখার জন্য দুটি গ্যারেজ এর বৈদ্যুতিক সংযোগ প্রদান করতঃ বিদ্যুৎ সরবরাহ সচল রাখার জন্য কিছু সার্কিট ব্রেকার ও লাইট সংগ্রহ, বৈদ্যুতিক সার্ভিস এস্টেব্লিশমেন্ট ড্রেন পরিষ্কার, সিকিউরিটি লাইট সেড মেরামত করা, সাব-স্টেশন রুমের বৈদ্যুতিক পাখা, এগজস্ট ফ্যান প্রয়োজন। এছাড়া বিদ্যমান ট্রান্সফরমার, এইচটি/এলটি সুইচ গিয়ার, পিএফআই প্লান্ট ডেসকোর মাধ্যমে প্রয়োজনীয় শাট-ডাউন নিয়ে ক্রিনিং ও সার্ভিসিং করা প্রয়োজন (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট, সদয় দ্রষ্টব্য)। উপরোক্ত বর্ণনামতে, (বিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দর এবং পিডরিউডি এর রেট সিডিউল এর কপি, সদয় দ্রষ্টব্য) এর ভিত্তিতে (বিবেচ্য সংযুক্তি: কারিগরি প্রতিবেদন, সদয় দ্রষ্টব্য) মোতাবেক দুয়ারীপাড়া আবাসিক এলাকার ২০০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন, সিকিউরিটি লাইট এবং আনুষঙ্গিক স্থাপনা মেরামত, রক্ষণাবেক্ষণ ও ক্রিনিং কাজের জন্য (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন, সদয় দ্রষ্টব্য) তৈরি করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাড়িয়েছে =৪,৯৭,৩১১.৪৬২/- (চার লক্ষ সাতানব্বই হাজার তিনশত এগার দশমিক চার ছয় তিন) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার (বিবেচ্য সংযুক্তি: এফ এম বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি, সদয় দ্রষ্টব্য) এর ক্রমিক নং-১৫, প্যাকেজ নং-(পিডরিউ-১০) তে অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):

- ১। এফ এম বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি.
- ২। আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট.
- ৩। পূর্বানুমোদিত দর এবং পিডরিউডি এর রেট সিডিউল এর কপি.
- ৪। কারিগরি প্রতিবেদন.
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৬/১০/২৪ ১:০১ অপরাহ্ন





আলোচ্য কাজটি বিশেষ ধরনের বিধায় পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট এবং বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ ২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM-e-GP) দরপত্র আহ্বান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, F.M Division-2, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD Form e-PW2(b) অনুসরণে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরী করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৬/১০/২৪ ১:০৯ অপরাহ্ন

এমতাবস্থায়, Repair-maintenance, servicing of 2000 KVA electric sub-station and wiring network at Duaripara staff quarter under F.M.D-2, DWASA কাজে উপস্থাপিত মোট =৪,৯৭,৩১১.৪৬২/- (চার লক্ষ সাতানব্বই হাজার তিনশত এগার দশমিক চার ছয় তিন) টাকা মাত্র, টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরি ও প্রশাসনিক


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুমোদনসহ দরপত্র আহ্বানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

 ১৬/১০/২৪ ১:৪৯ অপরাহ্ন মোহাম্মদ শাহাদাত হোসেন উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	 ১৬/১০/২৪ ১:৫৩ অপরাহ্ন মোঃ মাহবুবুল হক প্রামানিক সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	 ১৬/১০/২৪ ২:০৯ অপরাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	 ১৬/১০/২৪ ২:৩৫ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল
 ১৬/১০/২৪ ২:৩৫ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)			

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৬/১০/২৪ ৯:০৯ অপরাহ্ন

Okay

 ১৬/১০/২৪ ৯:১০ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ১৭/১০/২৪ ১২:০২ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	 ১৭/১০/২৪ ১২:০২ অপরাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২
---	---	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২০/১০/২৪ ১১:৪৩ অপরাহ্ন

দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন

 ২০/১০/২৪ ১১:৪৩ অপরাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	 ২১/১০/২৪ ১০:২৩ অপরাহ্ন মোঃ মাহবুবুল হক প্রামানিক সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	 ২৩/১০/২৪ ৩:১১ অপরাহ্ন মোহাম্মদ মোহাম্মদ শাহাদাত হোসেন, হোসেন উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২
--	--	---